ফাতওয়া নাম্বার: ৫৯৩ প্রকাশকালঃ১৫-১০-২০২৫ ইং

অমুসলিমের মালিকানাধীন জমিতে নামায আদায়ের বিধান

প্রশ্ন:

আমাদের এলাকার মসজিদের কিছু অংশ হিন্দু এক ব্যক্তির জমির মধ্যে পড়ে গেছে। তিনি সেখানে নামায পড়তে নিষেধ করছেন। এই পরিস্থিতিতে আমাদের করণীয় কী? এবং ওই জায়গায় নামায আদায় করলে তা কি সহীহ হবে?

-মুহাম্মাদ সালিহান

উত্তর:

এ অংশে নামায পড়লে নামায সহীহ হয়ে যাবে। তবে অংশটি যতক্ষণ তার মালিকানায় থাকবে, ততক্ষণ সে অংশ মসজিদ হিসেবে গণ্য হবে না। তাই আপনাদের চেষ্টা করা উচিত যেকোনোভাবে তার মালিকানাধীন অংশটি সমঝোতা কিংবা ক্রয় করে নিয়ে নেয়া, যাতে তা মসজিদ হয়ে যায় এবং তাতে মসজিদের সকল শরঈ

বিধান প্রয়োগ হয়। -জাওহারাহ নাইয়িরাহ: ১/৪৬; হেদায়া: ২/৩৮৫ ও ৩/২০; রদ্দুল মুহতার: ১/৩৮১ ও ৪/৩৪০

والله تعالى أعلم بالصواب

-আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

২০-০৪-১৪৪৭ হি.

১৩-১০-২০২৫ ঈ.